# বিদ্যাসাগর, মাইলস্টোন ও আজকের যুব প্রজন্ম

কৃশানু ভট্টাচার্য, ২৬ সেপ্টেম্বর ২০২০




0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9 … এগুলো কি শুধুই সংখ্যা ? হয়তো অনেকের জীবনে শুধু সংখ্যাই, কিন্তু ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়ের সেই ছোট্ট কিন্তু অদম্য সাহসী ও ধৈর্যবান পুত্রের কাছে সেগুলো কিন্তু নিছক সংখ্যা ছিল না । মাইলস্টোনের সেই সাদার ওপর কালো লেখা গুলো ছিল ঈশ্বরচন্দ্রের সারাজীবন ব্যাপী লড়াইয়ের জমি তৈরির বর্ণপরিচয় …

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর … বিশ্বের ইতিহাসে এমন একটি নাম যা আজ ওনার জন্মের ২০০ বছর পরেও সমাজের প্রতিটা সমস্যার সমাধানের পথে তাৎপর্যপূর্ণ । হ্যাঁ, সব সমস্যার কথা ভাবলেই ওনাকে নিয়েও ভাবা যায় যার অভিধানে সমস্যা বলে হয়ত কোনও শব্দই ছিল না । ওনাকে নিয়ে আজ ২০০ বছর পর অনেক লেখালেখি হচ্ছে, চর্চা হচ্ছে, ওনার জন্মের দ্বিশতবার্ষিকী উজ্জাপন হচ্ছে, এমন কি ওনাকে ঠাকুরঘরে ঈশ্বরের আসনে বসিয়ে ভজন-কীর্তন এর উদ্যোগ ও শুরু হয়ে গেছে । কিন্তু …

এই লেখা যে প্রসঙ্গে … আজকের যুব প্রজন্মের মধ্যে বিদ্যাসাগরের ভাবনা কতটুকু ? মেনে নিলাম অনেকে হয়ত ওনার নামই শোনেনি। ওদের দোষ নেই … বড়রা কেউ শুনিয়েছে ?? বুঝিয়েছে ??

Readymade সময়ে inspiring কোনও জীবনের milestone দেখে দেখে, সেখান থেকে শিখে নিজের জীবনের milestone তৈরি করার জেদ নিজের মধ্যে তৈরি করা হয়তো এতটা সহজ নয় । Mediallect এর হাতছানি, Peer Pressure (Blood Pressure ও বাড়িয়ে দেয় অনেক সময়), Globalized চাহিদার Web effect, আরও নানারকমের হরেকমাল চাপ ... এত সহজ নয় Milestone তৈরি করার জেদ নিজের মধ্যে inputize করা ... কিন্তু ... অসম্ভব ও নয় ...

বিদ্যাসাগরের উত্তরসূরিরা আজও আছেন কোথাও কোথাও ... বিভিন্ন field এ লড়াই করে নিজদের জেদের milestone তৈরি করেছেন। তাঁদের ওপর ও কি কোনও চাপ ছিল না ? আলবৎ ছিল ... সামাজিক, আর্থিক, media, peer, আরও নাজানি কতরকমের। কিন্তু ওরা পেরেছেন কারণ কোথাও ঈশ্বরচন্দ্রীয় জেদ ওদের মধ্যে ছিল ... ঈশ্বর ও তাঁদের লড়াইয়ের সাথেই ছিলেন (ঠাকুরঘর আর কিছু ভ্রান্ত চিৎকার থেকেও বেশি করে ছিলেন ...) । তাই আজকের সময়ে ভালো কিছু করার জেদ টাই সব থেকে প্রধান বিষয় হওয়া উচিৎ যুব প্রজন্মের কাছে ... হ্যাঁ যদি কোথাও milestone তৈরি করতে হয় জীবনে, নাহলে তো ...

(C) Ishan Kotha